"নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি"

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৮/৩৩২ তারিখ : ০২ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

**বিষয় :** মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা- ২০১৮ এর কেন্দ্র কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৮ সনের এসএসসি পরীক্ষা আগামী ০১ ফেব্রুয়ারি হতে আরম্ভ হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠু এবং সুন্দরভাবে পরিচালনার নিমিত্তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা-২০১৮ পরিচালনা সংক্রান্ত নীতিমালা মোতাবেক প্রতিটি কেন্দ্রের জন্য কেন্দ্র কমিটি গঠন করা আবশ্যক। অতএব তাঁর আওতাধীন জেলা সদর/উপজেলার ২০১৮ সালের সকল এসএসসি পরীক্ষা কেন্দ্রের জন্য আলাদাভাবে একটি কেন্দ্র কমিটি গঠন করে তা অনুমোদনের লক্ষ্যে আগামী ১৫ জানুয়ারি ২০১৮ তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

কেন্দ্র কমিটি গঠনের নিয়মাবলি ঃ

ক. ভারপ্রাপ্ত কর্মকর্তা : জেলা সদরের জন্য জেলা প্রশাসক এবং উপজেলা সদর ও উপজেলার আওতাধীন কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার অথবা তাঁর মনোনীত ১ম শ্রেণির একজন কর্মকর্তা;

খ. সদস্যবৃন্দ :

১. জেলা শিক্ষা অফিসার (জেলা সদরের জন্য) এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (উপজেলার ক্ষেত্রে);

২. বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কেন্দ্রের আওতাধীন বিদ্যালয়/স্কুল এন্ড কলেজ এর প্রধান শিক্ষক/অধ্যক্ষ। প্রয়োজনবোধে স্থানীয় কলেজের অধ্যক্ষকে সদস্য করা যেতে পারে;

গ. কেন্দ্র সচিবঃ

জেলা সদর কেন্দ্রে সরকারি স্কুলের প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হবেন। জেলা সদর ব্যতীত অন্যান্য পরীক্ষা কেন্দ্রে যেখানে সরকারি স্কুল আছে সেখানে সরকারি স্কুলের প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হবেন। যেখানে সরকারি স্কুল নেই সেখানে কেন্দ্রস্থিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কেন্দ্র সচিব হবেন। প্রয়োজনে কেন্দ্রের আওতাধীন অন্য প্রতিষ্ঠান প্রধানদের মধ্য হতে দক্ষ ও অভিজ্ঞ প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। এছাড়া জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/প্রথম শ্রেণির যে কোন সরকারি কর্মকর্তা কেন্দ্র সচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। **তবে কোন শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে/পোষ্য বাংলাদেশের ০৮টি সাধারণ শিক্ষাবোর্ডের আওতাধীন কোন কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব বা কেন্দ্র পরিচালনা কমিটির সদস্য থাকতে পারবেন না।** মন্ত্রণালয়/বোর্ড/কোন উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরীক্ষা পরিচালনায় দায়িত্বে অবহেলায় অভিযুক্ত কোন শিক্ষক, বিধি মোতাবেক চাকরির মেয়াদ শেষ অথবা চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কোন শিক্ষক কেন্দ্র সচিব বা কেন্দ্র কমিটিতে অন্তর্ভুক্ত হতে পারবেন না। কেন্দ্র কমিটি গঠনের পর কমিটিতে অন্তর্ভুক্ত প্রধান শিক্ষকগণের মধ্যে জ্যেষ্ঠতার (সরকারি হলে প্রধান শিক্ষক পদে যোগদান/বেসরকারি হলে এমপিওভুক্তির তারিখ) ক্রমানুসারে সহকারী কেন্দ্র সচিব, হল সুপার নিয়োগ করতে হবে। সরকারি/বিশেষায়িত প্রতিষ্ঠান ব্যতীত মাধ্যমিক পর্যায় এমপিওভুক্ত নয় এমন প্রতিষ্ঠান প্রধান কেন্দ্র সচিব/ সহকারী কেন্দ্র সচিব/ হল সুপার হতে পারবেন না । [ **বিঃদ্রঃ কেন্দ্র সচিবের তত্ত্বাবধানে সহকারী কেন্দ্র সচিবগণ প্রশ্নপত্রের প্যাকেট খোলা ও কক্ষ অনুযায়ী প্রশ্নপত্র গণনা, পরীক্ষা শেষে নৈর্ব্যত্তিক OMR, লিখিত উত্তরপত্রের OMR কক্ষ অনুযায়ী জমা নেওয়ার কাজ সম্পন্ন করবেন। তবে তারা পরীক্ষা চলাকালীন সময়ে অহেতুক পরীক্ষা কক্ষে/কেন্দ্রের অভ্যন্তরে ঘুরাঘুরি করতে পারবেন না।**

ঘ. পরীক্ষা পরিচালনায় সহায়ক স্টাফ : কেন্দ্রস্থিত বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক/ সহকারী প্রধান শিক্ষক না থাকলে একজন জ্যেষ্ঠ শিক্ষক, সহকারী শিক্ষক (আইসিটি) অথবা কম্পিউটার অপারেটর, এমএলএসএস ২(দুই) জন। একাধিক হাইস্কুল (প্রাথমিক বিদ্যালয়/কলেজ ভেন্যু ব্যতীত) ভেন্যু হলে প্রতি ভেন্যুতে অতিরিক্ত ২(দুই) জন করে এমএলএসএস নিয়োগ করতে পারবে। তারা শুধুমাত্র অলিখিত উত্তরপত্র, নৈর্ব্যত্তিক OMR কক্ষ অনুযায়ী বন্টন, পরীক্ষা শেষে লিখিত উত্তরপত্র/OMR গণনা ও বান্ডেল প্রস্তুতের কাজে সহযোগিতা করবেন। [ **বিঃদ্রঃ সহায়ক স্টাফরা প্রশ্নপত্রের প্যাকেট খোলা/গণনা/হলে বহন করতে পারবেন না।**]

**বিঃদ্রঃ কেন্দ্র ফি বাবদ বোর্ড নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না। নিয়োগপ্রাপ্ত কেন্দ্র সচিবগণকে তাঁর কেন্দ্রের কম্পিউটার, প্রিন্টার ও ইন্টারনেট সার্বক্ষনিক সচল রাখতে হবে। পরীক্ষা পরিচালনায় প্রয়োজনীয় কাগজপত্র (অলিখিত উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, প্রবেশপত্র, খাম ও কার্টুন ব্যতীত) বোর্ডের ওয়েবসাইটে গিয়ে অনলাইনে প্রিন্ট করে নিতে হবে।**

স্বা/- 02.01.18

(কায়সার আহমেদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬১৭২

কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা প্রশাসক,
উপজেলা নির্বাহী অফিসার এবং
সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা,
এসএসসি পরীক্ষা -২০১৮

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৮/৩৩২(০৪) তারিখ : ০২ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এসএসসি পরীক্ষা- ২০১৮ এর অনুমোদিত সকল কেন্দ্রের ভেন্যু প্রতিষ্ঠান

৪। সংরক্ষণ নথি।

02.01.18

(মোহাম্মদ শহিদুল ইসলাম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬৪৬১
ইমেইলঃ dcscomillaboard@gmail.com